

U.S. Secretary of Defense Lloyd James Austin III calls on Prime Minister Shri Narendra Modi

March 19, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে মার্কিন প্রতিরক্ষা সচিব লয়েড জেমস্ অস্টিন থ্রি সাক্ষাৎ করেছেন নিউ দিল্লি

মার্চ 19, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে আজ ভারত সফররত মার্কিন প্রতিরক্ষা সচিব লয়েড জেমস্ অস্টিন থ্রি সাক্ষাৎ করেছেন।

মি. অস্টিন, প্রধানমন্ত্রীকে রাষ্ট্রপতি বাইডেনের শুভেচ্ছা জানিয়েছেন।

প্রধানমন্ত্রী, দুটি দেশের মধ্যে উষ্ণ ও নিবিড় সম্পর্ককে স্বাগত জানিয়েছেন। অভিন্ন গণতান্ত্রিক মূল্যবোধ, বহুস্তরীয় এবং নিয়ম ভিত্তিক অঙ্গীকারের উপর এই সম্পর্ক গড়ে উঠেছে।

দুটি দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্বের বিষয়ে প্রধানমন্ত্রী তাঁর পরিকল্পনার কথা জানিয়েছেন। ভারত – মার্কিন সম্পর্কে দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সহযোগিতার উপর তিনি গুরুত্ব দিয়েছেন। রাষ্ট্রপতি বাইডেনকে তাঁর শুভেচ্ছা পৌঁছে দেওয়ার জন্য প্রধানমন্ত্রী প্রতিরক্ষা সচিবকে অনুরোধ করেছেন।

দুটি দেশের মধ্যে দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সম্পর্ককে আরো দৃঢ় করার বিষয়ে মার্কিন সরকারের অঙ্গীকারের কথা মি. অস্টিন আবারও জানিয়েছেন। শান্তি, স্থিতিশীল এবং সমৃদ্ধ ভারত – প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তুলবার জন্য মার্কিন সরকারের কৌশলগত অংশীদারিত্ব বৃদ্ধি করতে আগ্রহী বলেও তিনি এই সাক্ষাৎ-এর সময়ে জানিয়েছেন।

নিউ দিল্লি

মার্চ 19, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.